কুমিল্লা বিশ্ববিদ্যালয়

কুমিল্লা-৩৫০৬

ফোন: ০২৩৩৪৪১১১৪৫, মোবাইল: ০১৭৯০-৯৭৭৪৯৭, ই-মেইল: registrar@cou.ac.bd, website: www.cou.ac.bd

স্মারক কু:বি:/তথ্য ও জন./প্রে.বি/২০০৯/৮৮২ তারিখ: ০৩/১১/২০২৬ খ্রি.

প্রেস বিজ্ঞপ্তি

কুবিতে উপাচার্য প্রফেসর ড. এম এম শরীফুল করীমকে কলা ও মানবিক অনুষদের সংবর্ধনা

কুমিল্লা বিশ্ববিদ্যালয়ের ভার্চুয়াল ক্লাস রুমে কলা ও মানবিক অনুষদের উদ্যোগে অনুষদের সাবেক ডিন ও বিশ্ববিদ্যালয়ের উপাচার্য প্রফেসর ড. এম এম শরীফুল করীম-কে সংবর্ধনা প্রদান ও এক মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়েছে। অনুষ্ঠানে শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীদের পক্ষ থেকে উপাচার্যকে সম্মাননা স্মারক ও মানপত্র তুলে দেওয়া হয়।

সংবর্ধিত অতিথির বক্তব্যে কলা ও মানবিক অনুষদের প্রতি গভীর কৃতজ্ঞতা জানিয়ে উপাচার্য প্রফেসর ড. এম এম শরীফুল করীম বলেন, দীর্ঘ দুই দশক আগে এই কক্ষ থেকেই তাঁর কুমিল্লা বিশ্ববিদ্যালয়ের কর্মজীবন শুরু হয়েছিল। উপাচার্য পদটিকে অহংকারের নয় বরং একটি সাময়িক ও গুরুদায়িত্ব হিসেবে উল্লেখ করে তিনি সততার সাথে দায়িত্ব পালনে সবার সহযোগিতা ও দোয়া কামনা করেন। এ সময় গুরুতর অসুস্থতা থেকে ফিরে আসার স্মৃতিচারণ করে তিনি জানান, শিক্ষক-শিক্ষার্থীদের অকৃত্রিম ভালোবাসার প্রতিদান দিতে তিনি নিরলস কাজ করে যাচ্ছেন।

অনুষদের একাডেমিক সম্প্রসারণের কথা তুলে ধরে উপাচার্য জানান, বিশ্ববিদ্যালয়ের প্রস্তাবিত অর্গানোগ্রামে ইতিমধ্যে ইতিহাস, দর্শন এবং 'ড্রামা অ্যান্ড ড্রামাটিক আর্ট'—এই তিনটি নতুন বিভাগ অন্তর্ভুক্ত করা হয়েছে। এর পাশাপাশি 'ইনস্টিটিউট অব মডার্ন ল্যাঙ্গুয়েজেস', 'ইনস্টিটিউট অব ফাইন আর্টস' এবং 'সেন্টার ফর ইন্টারন্যাশনাল ল্যাঙ্গুয়েজেস' অর্গানোগ্রামে অন্তর্ভুক্তির মাধ্যমে চূড়ান্ত অনুমোদনের পথে রয়েছে। একই সাথে অনুষদের গবেষণা জার্নালের আন্তর্জাতিকীকরণে ডিওআই (DOI) যুক্ত করার কাজ দ্রুত গতিতে এগিয়ে চলছে।

বিশ্ববিদ্যালয়ের অবকাঠামোগত উন্নয়ন প্রসঙ্গে তিনি উল্লেখ করেন, অধিকতর উন্নয়ন প্রকল্পের সংশোধিত প্রস্তাবনাটি একনেকে অনুমোদনের পর পরবর্তী ১২ মাসের মধ্যে সংশ্লিষ্ট ভবনগুলো হস্তান্তরের প্রতিশ্রুতি দিয়েছে সামরিক বাহিনী। এছাড়া কলা অনুষদের জন্য অ্যাম্পিথিয়েটার ও সেমিনার রুম সমৃদ্ধ প্রায় ৫০ কোটি টাকার একটি পৃথক আধুনিক ছয়তলা ভবন এবং প্রায় ৪৯ কোটি টাকা ব্যয়ে 'ইনস্টিটিউট অব অ্যাডভান্সড স্টাডিজ অ্যান্ড রিসার্চ' প্রতিষ্ঠার প্রকল্প প্রস্তাব ইতিমধ্যে শিক্ষা মন্ত্রণালয়ে জমা দেওয়া হয়েছে। বর্তমান কলা ভবনে লিফট স্থাপনসহ বাংলা ও ইংরেজি বিভাগের চাহিদা অনুযায়ী বিদ্যমান সুযোগ-সুবিধা সংস্কারের বিষয়েও তিনি আশ্বাস দেন।

বিশ্ববিদ্যালয়ের শিক্ষক-কর্মকর্তা-কর্মচারীদের অধিকার নিশ্চিত করার অঙ্গীকার পুনর্ব্যক্ত করে উপাচার্য বলেন, পদোন্নতি ও শিক্ষাছুটিসহ কোনো ন্যায্য প্রাপ্যতা থেকেই কাউকে বঞ্চিত করা হবে না। তিনি শিক্ষাছুটির বিপরীতে নতুন শিক্ষক নিয়োগ, আন্তর্জাতিক র‍্যাংকিংয়ের স্বার্থে মানসম্মত গবেষণা প্রকাশনা বৃদ্ধি এবং কর্মচারীদের আধুনিক কম্পিউটার প্রশিক্ষণের উদ্যোগের কথা জানান। প্রশাসন পরিচালনায় যেকোনো ভুলত্রুটি ধরিয়ে দেওয়ার আহ্বান জানিয়ে উপাচার্য তাঁর উন্মুক্ত দুয়ার (ওপেন-ডোর) নীতির কথা পুনর্ব্যক্ত করেন এবং সবার সম্মিলিত প্রচেষ্টায় কুমিল্লা বিশ্ববিদ্যালয়কে একটি অনন্য উচ্চতায় নিয়ে যাওয়ার আশাবাদ ব্যক্ত করেন।

অনুষ্ঠানে ট্রেজারার প্রফেসর ড. মোহাম্মদ বেলাল উদ্দিন, কলা ও মানবিক অনুষদের ডিন প্রফেসর ড. মুহাম্মদ শামসুজ্জামান মিলকী, বাংলা বিভাগের চেয়ারম্যান ড. মোহাম্মদ গোলাম মাওলা, ইংরেজি বিভাগের চেয়ারম্যান ড. মোহাঃ হাবিবুর রহমান-সহ অনুষদভুক্ত বিভাগসমূহের শিক্ষক-কর্মকর্তারা উপস্থিত ছিলেন।

(মোহাম্মদ এমদাদুল হক)
ডেপুটি রেজিস্ট্রার
কুমিল্লা বিশ্ববিদ্যালয়, কুমিল্লা

অনুলিপি:

১. পিএস টু ভিসি (উপাচার্য মহোদয়ের সদয় অবগতির জন্য), কুবি।
২. পিএস টু প্রো-ভিসি (উপ-উপাচার্য মহোদয়ের সদয় অবগতির জন্য),কুবি।
৩. পিএ টু ট্রেজারার (ট্রেজারার মহোদয়ের সদয় অবগতির জন্য),কুবি।
৪. সংশ্লিষ্ট নথি।